

বিদ্যালয় শিক্ষা অধিকার
পশ্চিমবঙ্গ সরকার

ভর্তির নির্দেশিকা

সরকারী আদেশনামা ১১৭৬/এস ই (ইই)/১০ এম-১৮৬/২০২০ দিনাংক ০৩/১২/২০২১ অনুযায়ী ২০২২ শিক্ষাবর্ষে সকল সরকারী/ সরকারী মডেল/ ইনটিগ্রেটেড/ সরকার পোষিত/সরকারী অনুদানপ্রাপ্ত প্রাথমিক/উচ্চপ্রাথমিক/উচ্চ বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় সমূহে প্রাক প্রাথমিক থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ভর্তির নির্দেশিকা।

ভর্তির জন্য প্রয়োজনীয় ফর্ম সংশ্লিষ্ট বিদ্যালয়/ বাংলা সহায়তা কেন্দ্র এবং বাংলা শিক্ষা পোর্টালে (www.banglarshiksha.gov.in) থেকে বিনা মূল্যে পাওয়া যাবে। এই ফর্ম সকল সরকারী/ সরকারী মডেল/ ইনটিগ্রেটেড/ সরকার পোষিত/সরকারী অনুদানপ্রাপ্ত প্রাথমিক/উচ্চপ্রাথমিক/উচ্চ বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য।

১) এই ফর্মটি সংশ্লিষ্ট বিদ্যালয়/ বিদ্যালয় সমূহে জমা দিতে হবে।

২) যদি কোন প্রার্থী কোন বিদ্যালয় কর্তৃক প্রদত্ত ফর্ম পূরণ করে থাকে তাহলে তাকে আর এই ফর্ম জমা দিতে হবে না।

৩) ভর্তির সূচি:

ক্রমিক নং	ভর্তির পদ্ধতি	তারিখ (হইতে)	তারিখ (পর্যন্ত)
১	ফর্ম দেওয়া ও জমা নেওয়া	০৭/১২/২০২১	১৪/১২/২০২১
২	লটারি	১৫/১২/২০২১	২০/১২/২০২১
৩	লটারির মাধ্যমে নির্বাচিত প্রার্থীর ভর্তি	২১/১২/২০২১	২৪/১২/২০২১

৪) স্ব-প্রত্যয়িত জন্ম শংসাপত্র (আবেদনকারী বা তার অভিভাবক) পূরণকরা ফর্মের সঙ্গে জমা দিতে হবে। ভর্তির সময় যদি সেটি লব্ধ না হয় তাহলে অভিভাবকের বয়স সম্পর্কিত ঘোষণা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। RTE-২০১২ মোতাবেক ভর্তির ৬ (ছয়) মাসের মধ্যে উক্ত জন্ম শংসাপত্র বিদ্যালয়ে জমা দিতে হবে।

৫) সংরক্ষণের সুবিধা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত জাতিগত শংসাপত্রের স্ব-প্রত্যয়িত (আবেদনকারী বা তার অভিভাবক) কপি ফর্মের সঙ্গে জমা করতে হবে।

৬) ফর্মের সমস্ত অংশ সঠিকভাবে পূরণ করতে হবে।

৭) মনোনীত প্রার্থীকে ৪নং ও ৫নং কলামে লিখিত নথিসকলের মূল কপি ভর্তির সময় বিদ্যালয় কর্তৃপক্ষকে দেখাতে হবে।

৮) নির্দিষ্ট তারিখের মধ্যে যোগাযোগ না করলে লটারীতে নির্বাচিত প্রার্থীরাও বাতিল বলে গণ্য হতে পারে।

৯) সুষ্ঠুভাবে ভর্তির প্রক্রিয়া চালানোর জন্য সকল শিক্ষক ও অশিক্ষক কর্মচারী বিদ্যালয়ের প্রধান কর্তৃক প্রদত্ত কর্তব্য পালনে বাধ্য থাকবেন।

১০) কঠোর ভাবে COVID-19 এর বিধি মেনে সম্পূর্ণ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কোনো পরিস্থিতিতেই শিক্ষার্থীকে বিদ্যালয়ে আনা যাবে না।

১১) উচ্চ শ্রেণিতে উত্তীর্ণ, নতুন ভর্তি/ বিদ্যালয় বদল সহ ভর্তির সমস্ত কার্যাবলী বাংলা শিক্ষা পোর্টালে ২৪/১২/২০২১ এর মধ্যে ONLINE পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

মহাধ্যক্ষ
বিদ্যালয় শিক্ষা অধিকার
পশ্চিমবঙ্গ